ইত্তেফাক

তারিখ ৩।১।৮১

023

৬29

# বৎসরের শুরুতে প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় অচলাবস্থা

মহকুমা ও থানা পর্যায়ের শিক্ষা বিভাগীয় অফিসারদের বেতন ও চাকুরীর সুযোগ-সুবিধা সংক্রান্ত দাবীর প্রেক্ষিতে ধর্মঘট চলিতে থাকায় সংশ্লিষ্ট জরুরী কাজকর্ম সমাধা বিশেষ করিয়া বিপুল সংখ্যক নিম্নবেতন ভুক প্রাথমিক শিক্ষক শিক্ষিকার বেতন প্রাপ্তির ব্যাপারে দারুণ সংকট দেখা দিয়াছে। অপরদিকে বিভিন্ন এলাকার প্রাথমিক শিক্ষক, শিক্ষিকারা ভিন্নদাবীর প্রেক্ষিতে নূতন করিয়া ধর্মঘট শুরু করায় গত বাৎসরিক পরীক্ষার ফল প্রকাশ ও নূতন ক্লাসের শিক্ষা শুরুর প্রাক্কালে অচলাবস্থার সৃষ্টি হইয়াছে।

আমাদের চাঁদপুরের (কুমিল্লা) সংবাদদাতা জানান, মহকুমা শিক্ষা অফিসার ও থানা শিক্ষা অফিসারগণ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত বেতন স্কেল বাস্তবায়ন ও তাহাদেরকে ক্যাডার সার্ভিসের অন্তর্ভুক্ত করার দাবীতে সংশ্লিষ্ট সংগ্রাম পরিষদের ডাকে গত ১৭ই ডিসেম্বর হইতে কর্মবিরতি পালন করায় মহকুমার ৩ হাজার ৭ শত প্রাথমিক শিক্ষক শিক্ষিকার ডিসেম্বর মাসের বেতন পাওয়া অনিশ্চিত হইয়া পড়িয়াছে।

উল্লেখ্য, কর্মবিরতিজনিত অচলাবস্থা এখন বিরাজ করিলেও এই মহকুমার অন্তর্ভুক্ত শিক্ষা অফিসারগণকে প্রয়োজনীয় কর্মচারীর অভাব, অফিসে স্থান সংকুলানের অভাব, প্রয়োজনীয় অর্থ বরাদ্দের অভাব এবং অন্যান্য অসুবিধার মধ্যে দীর্ঘকাল যাবৎ কাজ চালাইতে হইতেছে। সম্প্রতি মহকুমা ও থানা পর্যায়ের শিক্ষা অফিসাররা এক সাংবাদিক সম্মেলনে কর্মক্ষেত্রে সংকটজনক অবস্থার কথা ব্যক্ত করেন। তাহারা জানান, মহকুমার ৬টি থানা শিক্ষা অফিসের মধ্যে একটি অফিসেও অফিস সহকারী,

[illegible]